

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
সিআর-৩ শাখা
www.moestab.gov.bd

স্মারক নং ০৫.১০২.০২২.০০.০০.০০১.২০০৬- ৫৬

২১ সেপ্টেম্বর, ২০১০
তারিখঃ -----
০৬ আশ্বিন, ১৪১৭

পরিপত্র

বিষয়ঃ বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তাদের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর-এ সংযুক্ত থাকাকালীন সময়ের এসিআর দাখিল।


যে সকল কর্মকর্তা বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা(ওএসডি)হিসেবে নিযুক্ত আছেন তাদের ক্ষেত্রে বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) প্রয়োজন হয় না। জনস্বার্থে কোন কোন বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তাকে (ওএসডি) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরে সংযুক্তি প্রদান করা হয়ে থাকে।

০২. সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর-এ সংযুক্ত থাকা বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তাদের (ওএসডি) মধ্যে কোন কোন কর্মকর্তা বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) দাখিল করছেন, অনেকে তা করছেন না। এ অবস্থা নিরসনের জন্য নিম্নে বর্ণিত নির্দেশনা প্রদান করা যাচ্ছেঃ

ক) যে সকল বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা(ওএসডি)বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অধিদপ্তর/ পরিদপ্তরে সংযুক্ত রয়েছেন, তাঁদেরকে বার্ষিক গোপনীয় অনুবেদন দাখিল করতে হবে ;

খ) যে সকল বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা(ওএসডি) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অধিদপ্তর/ পরিদপ্তরে সংযুক্ত আছেন তাঁদের মধ্যে যারা ইতোমধ্যে বার্ষিক গোপনীয় অনুবেদন দাখিল করেছেন তাঁদের নম্বর মূল্যায়নে নেয়া হবে এবং যারা বার্ষিক গোপনীয় অনুবেদন দাখিল করেননি, তাঁরা এসিআর দাখিলের দায় হতে অব্যাহতি পেয়েছেন মর্মে গণ্য করা হবে।

গ) ক- উপঅনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা ২০১০ সাল হতে পরবর্তী সময়ের এসিআর দাখিলের ক্ষেত্রে কার্যকর হবে।


(মোঃ জাহাঙ্গীর আলম)

উপ-সচিব

ফোন-৭১৬৫৯৭১

dscr@moestab.gov.bd

বিতরণঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্যসচিব/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সচিব, জন বিভাগ/আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়।
৩. সচিব/ভারপ্রাপ্ত সচিব(সকল মন্ত্রণালয়/বিভাগ),(অধীনস্থ সকল দপ্তরকে অবহিত করার অনুরোধসহ)।
৪. সংস্থাপন মন্ত্রণালয়ের সংযুক্ত অফিসসমূহের প্রধানগণ(অধীনস্থ সকল কর্মকর্তাকে অবহিত করার অনুরোধসহ)।
৫. বিভাগীয় কমিশনার (সকল) (অধীনস্থ সকল দপ্তরকে অবহিত করার অনুরোধসহ)।
৬. জেলা প্রশাসক(সকল), (অধীনস্থ সকল দপ্তরকে অবহিত করার অনুরোধসহ)।
৭. অফিস কপি।